Banglame.net

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

নার্সিংয়ে সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

বর্ষ ৪২ সংখ্যা ৩১ | কলকাতা | বুধবার, ২ মার্চ ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১৭ ফাল্গুন ১৪২৮ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

## ডব্লু বি সি এস পরীক্ষার মাধ্যমে

# রাজ্যে কয়েকশো অফিসার

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সার্ভিস ও বিভাগে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)-২০২২ পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: ২/২০২২।

দুই পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হয় কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি প্রার্থী এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রেই হয়। কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা নেওয়া হয় কালিম্পং কেন্দ্রে। তবে মেন পরীক্ষা সব প্রার্থীর ক্ষেত্রেই কলকাতায় হয়। পার্সোন্যালিটি টেস্ট হয় কমিশনের অফিসে।

এই পরীক্ষায় বসার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট ডিগ্রি। তাছাড়া বাংলা পড়তে, লিখতে, বলতে জানতে হবে। তবে নেপালি যাঁদের মাতৃভাষা, তাঁদের বাংলা না জানলেও চলবে।

ডব্লু বি সি এস পরীক্ষা চারটি গ্রুপে বিন্যস্ত। গ্রুপগুলি হল 'এ', 'বি', 'সি' এবং 'ডি'। একজন প্রার্থী একটি আবেদনপত্রে চারটি গ্রুপের জন্যই দরখাস্ত করতে পারেন।

**বয়স**: 'এ' ও 'সি' গ্রুপের প্রার্থীদের

*এরপর সাতের পাতায়*

# ব্যাঙ্কে সিকিউরিটি গার্ড

সিকিউরিটি গার্ড পদে ২০২ জন প্রাক্তন সমরকর্মী নেবে ইন্ডিয়ান ব্যাঙ্ক। নিয়োগ করা হবে সারা দেশে। প্রার্থীকে স্থানীয় ভাষায় দক্ষ হতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গ-সহ বাংলা ও হিন্দিভাষী রাজ্যগুলির জন্য নির্দিষ্ট ১৩৯টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**শূন্যপদের বিবরণ**: পশ্চিমবঙ্গ: ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২), অসম: ৪টি, বিহার: ১২টি, ছত্তিশগড়: ৬টি, ঝাড়খণ্ড: ৪টি, মধ্যপ্রদেশ: ১৬টি, দিল্লি: ৪টি, উত্তর প্রদেশ: ৬৪টি, উত্তরাখণ্ড: ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা**: অন্তত মাধ্যমিক, সঙ্গে আর্মি বা নেভি বা এয়ারফোর্সে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। সেই সঙ্গে অন্তত কমার্শিয়াল লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করবেন না।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড**: সেনাবাহিনী থেকে অবসর নেওয়ার সময় ক্যাটেগরি এ বা শেপ-১।

সব ক্ষেত্রেই নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর

*এরপর দুয়ের পাতায়*

# ওয়ারাঙ্গলে প্রফেসর

বিভিন্ন বিষয়ে ৯৯ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড ওয়ান ও টু) নেবে তেলঙ্গানার ওয়ারাঙ্গলের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এন আই টি)। নিয়োগ করা হবে এই সব বিষয়ে: সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটিরিয়ালস ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং,

*এরপর দুয়ের পাতায়*

# নৌবাহিনীতে শতাধিক ইঞ্জিনিয়ার

ট্রেনিং দিয়ে ১৪৭ জন ইঞ্জিনিয়ারকে এক্সিকিউটিভ, এডুকেশন এবং টেকনিক্যাল ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। এক্সটেন্ডেড ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্স এবং ন্যাভাল ওরিয়েন্টেশন রেগুলার কোর্সের মাধ্যমে বিভিন্ন ক্যাডারে প্রার্থীদের নিয়োগ করা হবে শর্ট সার্ভিস কমিশনে। কেবল অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদনের যোগ্য। এক্সটেন্ডেড কোর্সের মেয়াদ ৪৪ সপ্তাহ এবং রেগুলার কোর্সের মেয়াদ ২২ সপ্তাহ। প্রবেশন ন্যাভাল আর্মামেন্ট ক্যাডারের ক্ষেত্রে ৩ বছর এবং বাকি সব ক্যাডারের ক্ষেত্রে ২ বছরের। কোর্স শুরু হবে ২০২৩ সালের জানুয়ারি মাসে।

**ব্রাঞ্চ ও ক্যাডার অনুসারে শূন্যপদের বিবরণ: এক্সিকিউটিভ ব্রাঞ্চ: জেনারেল সার্ভিস {জি এস (এক্স)}/ হাইড্রো ক্যাডার**: শূন্যপদ ৪০টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। **জন্মতারিখ**: ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

**ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেক্টোরেট ক্যাডার**: শূন্যপদ ৬টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল: মেকানিক্যাল, অটোমেশন-সহ মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন,

*এরপর তিনের পাতায়*

# টাটা মেমোরিয়ালে চাকরি

বিভিন্ন পদে ৭৪ জন কর্মী নেবে টাটা মেমোরিয়াল সেন্টার। নার্স, লোয়ার ডিভিশন ক্লার্ক, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার পদে নিয়োগ করা হবে নভি মুম্বইয়ের খরঘরে টাটা মেমোরিয়াল সেন্টারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ACTREC/ADVT-A-2/2022.

**শূন্যপদের বিবরণ: নার্স 'এ' ফিমেল**: শূন্যপদ ৪৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৩, দৈহিক প্রতিবন্ধী ৩)। **নার্স 'এ'**: শূন্যপদ ৫টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি, সেই সঙ্গে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। অথবা বেসিক বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। পাশাপাশি, অন্তত ৫০টি শয্যাবিশিষ্ট হাসপাতালে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীকে হেপাটাইটিস ভ্যাকসিন নিয়ে থাকতে হবে। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। টাটা মেমোরিয়াল সেন্টার থেকে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা করে থাকলে বয়সে ৫ বছরের ছাড় পাওয়া যাবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

*এরপর পাঁচের পাতায়*

# নিখরচায় প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

গ্রাম ও মফস্‌সলের পরিত্যক্ত জমি বা পুকুরকে কাজে লাগিয়ে কৃষিকাজ, পশুপালন ও খাদ্য প্রক্রিয়াকরণ হয়ে উঠতে পারে উপার্জনের রাস্তা। গ্রাম ও শহরের শিক্ষিত ছেলেরা অনায়াসে আসতে পারেন চাষবাসের পেশায়, কারণ এই ক্ষেত্রে নতুন প্রযুক্তির ব্যবহার বেড়েছে, যা শিক্ষিত যুবকরা প্রয়োগ করতে পারবেন ঢের বেশি দক্ষতার সঙ্গে। তবে কাজ শুরুর আগে প্রশিক্ষণ নেওয়া জরুরি। নিখরচায় অবিবাহিত যুবকদের প্রশিক্ষণ দেবে বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। আবাসিক প্রশিক্ষণ।



**নিজস্ব প্রতিনিধি**: বাড়ির চারপাশের ঝোপঝাড় পরিষ্কার করে সেই অল্প জমিতে ফলানো যায় নানা ধরনের উদ্ভিদ, করা যায় জৈব পদ্ধতিতে সবজির চাষ। ওই ঝোপের উপর দিয়েই বেয়ে উঠতে পারে সিম, উচ্ছের মতো সবজি। অতীতে চাষ না হওয়ায় এ ধরনের অবহেলায় পড়ে থাকা জমিতে রাসায়নিক সার ও কীটনাশকের বিষক্রিয়া হয়নি। ফলে, তাতে জৈব চাষ ভালো হবে।

পড়ে থাকা পুকুর সংস্কার করে বা অব্যবহৃত নয়ানজুলিতে সাধারণ কিংবা রঙিন মাছ অথবা পদ্ম, মাখনা, শাপলা, পানিফলের মতো জলজ উদ্ভিদের চাষ করা যেতে পারে। পুকুরের পাড়ে ফলানো যেতে পারে হলুদ।

গ্রাম জুড়ে ছড়িয়ে-ছিটিয়ে থাকে এরকম অজস্র অব্যবহৃত বা স্বল্প-ব্যবহৃত প্রাকৃতিক সম্পদ, যার কোনওটাই আসলে ফেলনা নয়। ঠিক পদ্ধতি জানা থাকলে এগুলিকে কাজে লাগিয়ে একা বা দলগত ভাবে নিজের অঞ্চলেই অর্থকরী নানা কাজ করা যায়। অনেকের উপার্জনের ব্যবস্থা করা যায়। দরকার শুধু চ্যালেঞ্জ নেওয়ার মানসিকতা। চ্যালেঞ্জ নিয়েই বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার মতো রুক্ষ এলাকাগুলিতেও ছোট আকৃতির ভালো গোলাপের চাষ করে তাক লাগিয়ে দিয়েছেন সেখানকার কৃষকরা। বাঁকুড়ার রুক্ষ জমিতে উৎপাদিত হচ্ছে মুসাম্বি।

উৎপাদিত ফল ও সবজি থেকে সস, জ্যাম, জেলি, আচার ইত্যাদি তৈরি হতে পারে। গুণমান ভালো হলে এই সব প্রক্রিয়াজাত খাবারের বাজার রয়েছে দেশের সব শহরে। দেশের বাইরেও রপ্তানি করা যায়। হাঁস, মুরগি, ছাগল, শূকর প্রতিপালনও গ্রামাঞ্চলে জীবিকা হিসেবে খুবই লাভজনক।

কাজ আছে অনেক। উদ্যোগী হলে নিজের পায়ে দাঁড়ানোর পাশাপাশি আরও অনেককে উপার্জনের দিশা দেখাতে পারবেন। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলির বিবিধ প্রকল্প রয়েছে। স্বনির্ভর গোষ্ঠী ও সমবায় তৈরি করে একই সঙ্গে একাধিক প্রকল্পের কাজ করা যায়। তবে কোন কাজের জন্য গ্রামাঞ্চলের কোন সম্পদটিকে বেছে নিতে হবে, সেটিকে কী ভাবে ব্যবহার করতে হবে, সে সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা দরকার। একমাত্র উপযুক্ত প্রশিক্ষণ পেলেই ব্যবসার পরিকল্পনা নিখুঁত ভাবে করা সম্ভব। নিখরচায় প্রশিক্ষণ নিতে পারেন

*এরপর পাঁচের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# নৌবাহিনীতে শতাধিক ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটিরিয়াল সায়েন্স, অ্যারো স্পেস, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং। অথবা ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

এয়ার ট্রাফিক **কন্ট্রোলার:** শূন্যপদ ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০২-এর মধ্যে হতে হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

**অবজার্ভার:** শূন্যপদ ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

পাইলট: শূন্যপদ ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন। ডি জি সি এ কর্তৃক প্রদত্ত কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪-এর মধ্যে জন্মতারিখ হলে আবেদন করতে পারবেন।

**লজিস্টিক্স:** শূন্যপদ ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণির নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ এম বি এ। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ বি এসসি বা বি কম বা বি এসসি (আই টি)। সেই সঙ্গে ফিনান্স বা লজিস্টিক্স বা সাপ্লাই চেন ম্যানেজমেন্ট বা মেটিরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ এম সি এ বা এম এসসি (আই টি)। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

**এডুকেশন ব্রাঞ্চ:** শূন্যপদ ৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ম্যাথস বা অপারেশনাল রিসার্চে এম এসসি, সে ক্ষেত্রে স্নাতকস্তরে ফিজিক্স পড়ে থাকতে হবে অথবা ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্সে এম এসসি, সে ক্ষেত্রে স্নাতকস্তরে ম্যাথস পড়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০২-এর মধ্যে হতে হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

**টেকনিক্যাল ব্রাঞ্চ: ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস):** শূন্যপদ ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল: মেকানিক্যাল, অটোমেশন-সহ মেকানিক্যাল, মেরিন, ইনস্ট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস, অটোমোবাইলস, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস):** শূন্যপদ ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন, টেলি কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স। **জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

প্রার্থী বাছাই করা হবে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

কোর্সটি পড়ানো হবে কেরলের এঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। তার পর ন্যাভাল শিপ অ্যান্ড ট্রেনিং এস্টাবলিশমেন্টে প্রফেশনাল ট্রেনিং হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১২ মার্চ। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র জে পি জি বা টি আই এফ এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**ऑयल इंडिया लिमिटेड**
(भारत सरकार का उद्यम)
**Oil India Limited**
(A Government of India Enterprise)

**ওআইএল-তে গ্রেড-সি এবং গ্রেড-বি অফিসার নিয়োগ**

অয়েল ইন্ডিয়া লিমিটেড (ওআইএল), একটি নবরত্ন সরকারি ক্ষেত্রের সংস্থা, নিম্নোক্ত পদ পূরণের উদ্দেশ্যে উপযুক্ত ভারতীয় নাগরিকদের কাছ থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করছে:

**(ক) 'গ্রেড সি' - বেতনক্রম ₹ ৮০,০০০ থেকে ২,২০,০০০-তে:**

| পদ |
|---|
| ম্যানেজার (ইআরপি-এইচআর) |
| সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার (এনভায়রনমেন্ট) |
| সুপারিনটেন্ডিং মেডিকেল অফিসার (রেডিয়োলজি) |
| সুপারিনটেন্ডিং মেডিকেল অফিসার (পিডিয়াট্রিক্স) |

**(খ) 'গ্রেড বি' - বেতনক্রম ₹ ৬০,০০০ থেকে ১,৮০,০০০-তে:**

| পদ |
|---|
| সিনিয়র মেডিকেল অফিসার |
| সিনিয়র সিকিউরিটি অফিসার |
| সিনিয়র অফিসার (সিভিল) |
| সিনিয়র অফিসার (ইলেকট্রিক্যাল) |
| সিনিয়র অফিসার (ইনস্ট্রুমেন্টেশন) |
| সিনিয়র অফিসার (মেকানিক্যাল) |
| সিনিয়র অফিসার (পাবলিক অ্যাফেয়ার্স) |
| সিনিয়র অ্যাকাউন্টস অফিসার / সিনিয়র ইন্টারনাল অডিটর |
| সিনিয়র অফিসার (এইচআর) |

**অনলাইন দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১৫.০৩.২০২২, ২৩:৫৯ ঘণ্টা**
বিস্তারিত বিবরণের জন্য দেখুন: https://oil-india.com/Current_openNew.aspx



**UNIVERSITY OF NORTH BENGAL**
**Office of the Registrar**
**P.O. - N. B. U, Dist. Darjeeling, Pin-734013.**

Online applications in the prescribed format are invited within 10.03.2022 from bonafide Indian citizens for filling up of vacancies to the various teaching substantive posts. For details please visit the university website www.nbu.ac.in (Recruitment Section)

**Advt. No: 88/R-22, Dated : 26.02.2022** Registrar (Offg.)



**श्यामा प्रसाद मुखर्जी पोर्ट, कोलकाता**
***Syama Prasad Mookerjee Port, Kolkata***
*(Formerly KOLKATA PORT TRUST)*

Applications are invited from Indian Nationals for engagement of following officers on contract for a period of two (02) years: **(I) Asstt. Superintendent/ Asstt. Railway Manager**- Five Posts (Consolidated Remuneration of Rs. 41,184/- per month). **(II) Safety Officer** - One Post (Consolidated Remuneration of Rs. 45,000/- per month). For details, please visit **www.smportkolkata.shipping.gov.in.** The last date of receiving application by e-mail to careers.kds@kolkataporttrust.gov.in on or before **10.03.2022.**



**— Walk in for Immediate Recruitment —**

**St. Mary's Technical Campus Kolkata**
Saibona, Ichapur Nilgunge Gram Panchayat, North 24 Parganas District, Barasat, Kolkata - 700126

Applications are invited from the eligible candidates for the posts of Assistant Professors / Lecturers for the following courses.

**B.Tech Courses in Emerging areas** in AI & DS, CSE (Data Science) CSE(AI&ML) and Civil Engineering with **ME / M.Tech or equivalent / Ph.D qualification. Minimum 2 Years / Freshers also can apply. Faculty for MBA** in Big Data Analytics and Digital Marketing are also required

* Over and above AICTE Pay Scales for the Deserved Candidates * GPF and Insurance Facilities * Performance Oriented Benefits * Encouragement for Research Activities * Congenial Academic Atmosphere

**Interested candidates may send their detailed CV along with highest qualification testimonial to viceprincipal.kolkata@stmarysgroup.com. Mobile: 6300490445, 9123320592**



**IQ CITY MEDICAL COLLEGE**
DURGAPUR

BLESSED ARE THE HEALERS

**CUTTING-EDGE MEDICAL EDUCATION IN EAST INDIA**

**WE ARE A RECOGNISED MEDICAL COLLEGE OF 8 YEARS WITH POST GRADUATE COURSES IN 19 SUBJECTS**

**2021 ADMISSIONS FOR MBBS, MD/MS FOR NEET QUALIFIED CANDIDATES**

**PG SUBJECTS**

GENERAL MEDICINE | PAEDIATRICS | PSYCHIATRY | RADIOLOGY | RESPIRATORY MEDICINE | ANAESTHESIOLOGY
GENERAL SURGERY | OBSTETRICS & GYNAECOLOGY | ORTHOPAEDICS | OPHTHALMOLOGY | ENT | DERMATOLOGY
ANATOMY | BIOCHEMISTRY | PHYSIOLOGY
COMMUNITY MEDICINE | MICROBIOLOGY | PATHOLOGY | PHARMACOLOGY

**ACHIEVEMENTS**

- 400 plus doctors graduated with MBBS successfully
- 250 plus honours awarded in MBBS examinations of W.B.U.H.S.
- MD | MS in 3 pre-clinical, 4 para-clinical and 12 clinical subjects
- 25 plus students cracked NEET PG 2021 with AIR within 10000

Campus Address:
IQ City Road, Durgapur, West Bengal 713206
@iqcitymedcolofficial

Scan & Download Prospectus

**For Admission Enquiry:**
+91 74777 92024 / +91 89455 24319 admissions@iqct.in
For more details about the courses and admission process, visit www.iqcity.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

৩ ফেব্রুয়ারি-১১ ফেব্রুয়ারি

**৪ ফেব্রুয়ারি** করোনায় মৃতের পরিবারকে ১০ দিনেই ক্ষতিপূরণ দেওয়ার কড়া নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে আদালত তার বার্তায় জানাল, মৃতের পরিবারের তরফে আবেদনের ১০ দিনের মধ্যেই ক্ষতিপূরণ দিতে হবে। এ জন্য নোডাল অফিসার নিয়োগের কথাও বলেছে আদালত। এর আগে অবশ্য ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে ৩০ দিনের সময়সীমা বেঁধে দিয়েছিল আদালত।

## অসরের রিপোর্টের পর পুরোপুরি স্কুল খুলতে সরব নোবেলজয়ী



**৯ ফেব্রুয়ারি:** করোনাকালে রাজ্যে দীর্ঘদিন স্কুল বন্ধ থাকার জন্য বুনিয়াদি শিক্ষা ব্যবস্থায় মারাত্মক প্রভাব পড়েছে বলে তথ্য এল অ্যানুয়াল স্টেটাস অব এডুকেশন রিপোর্ট (অসর)-এ। বিভিন্ন শ্রেণিতে পাঠরতদের মধ্যে সমীক্ষায় ভাষা ও গণিত শিক্ষায় ঘাটতির ইঙ্গিত উঠে এসেছে। রিপোর্ট দেখে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন নোবেলজয়ী অর্থনীতিবিদ তথা করোনা পরিস্থিতিতে রাজ্য সরকারের গড়া গ্লোবাল অ্যাডভাইজরি বোর্ডের সদস্য অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়ও। এখনই পুরোপুরি স্কুল খুলে দেওয়ার পক্ষে মত প্রকাশ করেছেন তিনি। তাঁর বক্তব্য, 'কোভিডের কারণে বাচ্চারা আরও পিছিয়ে পড়েছে। বাচ্চারা পিছিয়ে পড়লে শিক্ষকদেরও সমস্যা— কাকে পড়াব, কতটা পড়াব? আমার মনে হয় যত তাড়াতাড়ি সম্ভব এবার স্কুল পুরোপুরি খুলে দেওয়া উচিত।'

**লাদাখে প্যাংগং লেকের উপর চিন যে** সেতু নির্মাণ করছে তা অবৈধ বলে সংসদে স্বীকার করল কেন্দ্রীয় সরকার। সংসদে বিজেপি সাংসদ বরুণ গান্ধী, কংগ্রেস সাংসদ মনিকম টেগোরের লিখিত প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের তরফে এ কথা বলা হয়েছে। বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী ভি মুরলীধরণ দাবি করেছেন যেখানে সেতু নির্মাণ করা হচ্ছে সেই এলাকা ১৯৬২ সাল থেকে দখল করে রেখেছে চিন। ভারত সরকার এই ধরনের নির্মাণ মেনে নেবে না বলেও জানিয়েছেন তিনি।

**৭ ফেব্রুয়ারি** দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের প্রথম মহিলা উপাচার্য মনোনীত হলেন শান্তিশ্রী ধুলিপুড়ি পণ্ডিত। তিনি বিদায়ী উপাচার্য এম জগদেশ কুমারের স্থলাভিষিক্ত হচ্ছেন। শান্তিশ্রী এতদিন মহারাষ্ট্রের পুনের সাবিত্রীবাই ফুলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে ছিলেন।

**মার্কিন রিসার্চ সংস্থা মর্নিং কনসাল্ট-এর** তালিকায় অন্যান্য নেতাদের পিছনে ফেলে শীর্ষস্থান পেলেন নরেন্দ্র মোদী। তাঁর সরকারের গৃহীত নানান নীতি নিয়ে বিক্ষোভ-প্রতিবাদ যথেষ্ট হলেও 'গ্লোবাল লিডার অ্যাপ্রুভাল' তালিকায় ৭২ শতাংশ রেটিং পেয়ে শীর্ষস্থানটি দখল করেছেন তিনি। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন থেকে শুরু করে কানাডার প্রেসিডেন্ট জাস্টিন ট্রুডো সকলেই অনেকটা পিছিয়ে রয়েছেন মোদীর থেকে। করোনার আবহে প্রধানমন্ত্রীর বাসভবনে লকডাউনের মধ্যেই পার্টির আয়োজন করায় অভিযুক্ত ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন ৩০ শতাংশ রেটিং নিয়ে ১৩ নম্বরে জায়গা পেয়েছেন।

**৮ ফেব্রুয়ারি** হিজাব বিতর্কে তিন দিন বন্ধ হল কর্নাটকের শিক্ষাঙ্গন। সে রাজ্যের মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্মাই শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা করে পড়ুয়া সমাজে শান্তি বজায় রাখতে অনুরোধ করলেন। শিক্ষা প্রতিষ্ঠানে হিজাব পরা যাবে কিনা, তা নিয়ে বেশ কিছুদিন ধরেই আন্দোলন চলছে। বিষয়টির কোনও সুরাহা না হওয়ায় এবং সরকার বিভিন্ন সময়ে নানা বিবৃতি দেওয়ায় মামলা পৌঁছয় কর্নাটক হাইকোর্টে।

**৯ ফেব্রুয়ারি** বুদ্ধগয়া বিস্ফোরণ মামলায় দোষী সাব্যস্ত হল জঙ্গি সংগঠন জামাতুল মুজাহিদিন বাংলাদেশের (জেএমবি) চাঁই কওসর ওরফে বোমা মিজান ওরফে জহিদুল ইসলাম। পাটনার বিশেষ এনআইএ আদালত কওসরকে দোষী সাব্যস্ত করেছে। ২০১৮ সালের ১৯ জানুয়ারি বুদ্ধগয়ার কালচক্র ময়দানে বিস্ফোরণ ঘটানো হয়েছিল। উল্লেখ্য, খাগড়াগড় বিস্ফোরণ মামলায় ইতিমধ্যেই ২৯ বছরের জেল হয়েছে কওসরের।

## হিজাব বিতর্কে মুসলিম ছাত্রীকে ক্লাস করতে বাধা



**৩ ফেব্রুয়ারি:** বোরখা পরার জন্য ছাত্রীদের ক্লাস করতে বাধা দেওয়ার অভিযোগ উঠল কর্নাটকের একটি কলেজে। কর্নাটকের উদুপি জেলার উপকূলীয় শহর কুন্দাপুরের একটি কলেজের এই ঘটনা গোটা দেশে নতুন করে বিতর্ক সৃষ্টি করেছে। কলেজ কর্তৃপক্ষ ছাত্রীদের ক্লাস করতে না দেওয়ায় আন্দোলনের পথ বেছে নেন ওই মুসলিম ছাত্রীরা। কর্নাটক সরকার জানিয়েছে, তারা এই বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সঙ্গেই রয়েছে।



"শান্তিকে একটা সুযোগ দিন। মানবিক কারণেই ইউরোপে যুদ্ধ শুরু হতে দেবেন না। তা না-হলে এই শতকের সবথেকে খারাপ যুদ্ধটি ঘটবে যার ধ্বংসাত্মক পরিণতি শুধু ইউক্রেন বা রাশিয়াই দেখবে না, এর প্রভাব হবে কল্পনাতীত।"

**আন্তোনিও গুতেরেজ,** *রাষ্ট্রপুঞ্জের মহাসচিব*
রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পরিপ্রেক্ষিতে

## এশিয়ার সেরা ধনী আদানি



**৮ ফেব্রুয়ারি:** মুকেশ আম্বানিকে পিছনে ফেলে এশিয়ার সেরা ধনী হলেন গৌতম আদানি। ব্লুমবার্গ বিলিওনেয়ার্স ইনডেক্স থেকে দেখা যাচ্ছে আদানি গোষ্ঠীর প্রধান গৌতম আদানির মোট সম্পত্তি ৮৮.৫ বিলিয়ন ডলার (৬.৬ লক্ষ কোটি টাকা)। মুকেশ আম্বানির ৮৭.৯ বিলিয়ন ডলার সম্পদের থেকে ৪,৪০০ কোটি টাকার মতো এগিয়ে রয়েছে আদানি। এছাড়াও বিশ্বের প্রথম দশ সেরা ধনীর মধ্যেও ঢুকে পড়েছেন আদানি গোষ্ঠীর প্রধান। ব্লুমবার্গ ইনডেক্স বলছে, চলতি আর্থিক বছরে এখনও অবধি আদানির সম্পত্তি বেড়েছে ৯০ হাজার কোটি টাকা। সেখানে চলতি বছরে মুকেশের সম্পত্তি কমেছে ১৬ হাজার কোটি টাকা।

**কর্নাটকের হিজাব বিতর্কের মধ্যে জড়াল** পাকিস্তানও। হিজাব পরার কারণে মুসলিম ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে ঢুকতে না দেওয়া মানবাধিকার লঙ্ঘন বলে সরব হলেন পাক বিদেশমন্ত্রী শাহ মেহমুদ কুরেশি। পাকিস্তানের তথ্য ও সম্প্রচারমন্ত্রী ফাওয়াদ হুসেনেরও দাবি, 'নেতৃত্ব নড়বড়ে বলেই ভারতীয় সমাজের দ্রুত অবক্ষয় ঘটছে।' পাকিস্তানের এ ব্যাপারে নাক গলানো ভালোভাবে নেয়নি ভারত। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মুখতার আব্বাস নকভির জবাব, 'ড্রেস কোডকে সাম্প্রদায়িক রং দিয়ে ভারতের সংস্কৃতিকে বদনাম করার ষড়যন্ত্র চলছে। পাকিস্তানেই সংখ্যালঘুরা অপরাধ এবং নৃশংসতার জঙ্গলে বাস করেন।'

**ঘরের মাঠে পরপর দুই ম্যাচে অনায়াস** জয় তুলে নিয়ে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজ জিতে নিল ভারত। আমেদাবাদে দ্বিতীয় ম্যাচে ভারত প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৩৭ রান করে। জবাবে ব্যাট করতে নেমে ওয়েস্ট ইন্ডিজ ৪৬ ওভারে ১৯৩ রানে অলআউট হয়ে যায়। তিন ম্যাচের সিরিজ ভারত ২-০ এগিয়ে যাওয়ায় শেষ ম্যাচ নিয়মরক্ষায় পর্যবসিত হলো।

**১০ ফেব্রুয়ারি** জাতীয় ঋণনীতিতে টানা ২০ মাস সুদের হার অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক। ২০২২-২৩ অর্থবছরে দেশের জিডিপি ৭.৮ শতাংশ বাড়বে বলে অনুমান করেছে রিজার্ভ ব্যাঙ্ক। সংসদের বাজেট অধিবেশনে পেশ হওয়া আর্থিক সমীক্ষা রিপোর্টে অবশ্য জিডিপি ৮ শতাংশ থেকে ৮.৫ শতাংশ বাড়বার কথা বলা হয়েছে যা শীর্ষ ব্যাঙ্কের দেওয়া শতকরা হারের থেকে বেশ কিছুটা বেশি। একই সঙ্গে শীর্ষ ব্যাঙ্ক জানিয়েছে, ক্রিপ্টোকারেন্সিতে যাঁরা লগ্নি করেছেন বা করবেন, তাঁরা তা নিজেদের ঝুঁকিতে করছেন। কারণ কোনও ক্রিপ্টোকারেন্সির পিছনেই নির্দিষ্ট সম্পদের ভিত্তি নেই।

## সম্মানিত আই আই টি অধ্যাপক



**৮ ফেব্রুয়ারি:** নদীর গতি রহস্য নিয়ে উল্লেখযোগ্য গবেষণার জন্য আই আই টি খড়্গপুরের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শুভাশিস দে-কে 'হান্স অ্যালবার্ট আইনস্টাইন অ্যাওয়ার্ড' প্রদান করার কথা ঘোষণা করা হল। এদিন খড়্গপুর আই আই টি-র পক্ষ থেকে এ কথা জানানো হয়। 'আমেরিকান সোসাইটি অব সিভিল ইঞ্জিনিয়ারিং' এই সম্মান প্রদান করবে। নদী নিয়ে নানা প্রশ্ন যেমন নদীর ভাঙন কেন হয়? বন্যা রোধ করা যায় কীভাবে? এ সবই উঠে এসেছে তাঁর গবেষণায়। আগামী ৫ থেকে ৯ জুন মার্কিন যুক্তরাষ্ট্রের আটলান্টায় সোসাইটির উদ্যোগে বিশ্ব পরিবেশ এবং জলসম্পদ উন্নয়ন কংগ্রেসে এই পুরস্কার তুলে দেওয়া হবে অধ্যাপক দে-র হাতে।

**বিদেশ থেকে এলে আর কোয়ারান্টিন নয়** বলে জানাল কেন্দ্র। দেশে সংক্রমণ কমছে। হু-রও দাবি, আগের সপ্তাহের তুলনায় বিশ্বে করোনা সংক্রমণ ১৭ শতাংশ কমেছে। তাই এবার অন্য দেশ থেকে আসা যাত্রীদের জন্য বিধি শিথিল করল স্বাস্থ্যমন্ত্রক। 'ঝুঁকিপূর্ণ' দেশের তালিকা কার্যত খারিজ করে কেন্দ্র জানাল, বিদেশ থেকে এলে ৭ দিন কোয়ারান্টিন আর বাধ্যতামূলক নয়। জানানো হয়েছে, ১৪ দিন 'সেল্ফ মনিটরিং'-এ থাকলেই চলবে আগত যাত্রীদের। এইসব যাত্রীদের ক্ষেত্রে করোনা রিপোর্টও আর বাধ্যতামূলক থাকছে না। তার বদলে টিকা সার্টিফিকেট থাকলেই চলবে।

**ডাক্তারির স্নাতকোত্তর স্তর অর্থাৎ এমডি-**এমএস পড়ার প্রবেশিকা নিট-পিজি উঠিয়ে দেওয়া হচ্ছে। ডাক্তারি শিক্ষার নিয়ামক সংস্থা ন্যাশনাল মেডিক্যাল কমিশনের (এন এম সি) নতুন নিয়মে ডাক্তারি পাশ করার সময়ে এমবিবিএস পড়ুয়াদের এগজিট টেস্ট দিতে হবে। সেই পরীক্ষার ফল বা নম্বরই হবে ডাক্তারির স্নাতকোত্তরে ভর্তির মাপকাঠি।

**হিজাব-বিতর্কের মীমাংসা না হওয়া** অবধি ক্যাম্পাসে হিজাব-স্কার্ফ কিছুই পরা যাবে না বলে জানিয়ে দিল কর্নাটক হাইকোর্ট। কর্নাটকের শিক্ষাপ্রতিষ্ঠান সম্প্রতি হিজাব পরে ক্যাম্পাসে ঢোকা নিষিদ্ধ করেছে। অন্যদিকে, হিজাব পরা তাঁদের ধর্মীয় অধিকার বলে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন মুসলিম ছাত্রীদের একাংশ। সেই মামলার শুনানি প্রসঙ্গেই বিচারকেরা বলেন, বিষয়টার মীমাংসা যতদিন না হচ্ছে, পড়ুয়ারা কোনও ধর্মীয় পোশাক পরে ক্যাম্পাসে আসতে পারবেন না। তবে স্কুল-কলেজ শীঘ্র চালু করতে নির্দেশ দিয়েছে আদালত। আদালতের পর্যবেক্ষণ এই ধরনের বিতর্কে পড়াশোনার ক্ষতি হওয়া কখনওই কাম্য নয়।

**উত্তরপ্রদেশের ভোটপর্বের সূচনার দিনেই** জামিন পেয়ে গেলেন লখিমপুর খেরিতে কৃষকদের গাড়ি চাপা দিয়ে মারার ঘটনায় অভিযুক্ত মন্ত্রীপুত্র আশিস মিশ্র। এলাহাবাদ হাইকোর্টের লখনউ বেঞ্চ এই জামিনের আবেদন মঞ্জুর করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একদিন আগেই লখিমপুর তদন্ত বিচারাধীন বিষয় বলে এড়িয়ে গিয়েছেন। তবে বিরোধীরা অবশ্য বিষয়টি নিয়ে সরব হয়েছেন।

**১১ ফেব্রুয়ারি** বিশিষ্ট অভিনেতা ভীষ্ম গুহঠাকুরতা (৭২) প্রয়াত হলেন। করোনা পরবর্তী অসুস্থতার জেরেই মৃত্যু হল তাঁর। তাঁর অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্রগুলির মধ্যে রয়েছে 'গণশত্রু', 'শাখাপ্রশাখা', 'গুপী-বাঘা ফিরে এলো', 'অন্তর্ধান', 'বৈদুর্য্য রহস্য', 'ফটিকচাঁদ', 'বাঞ্ছারামের বাগান' প্রভৃতি। সত্যজিৎ রায় ছিলেন তাঁর মামা। কাজও করেছেন সত্যজিৎ রায়, তপন সিনহা, রাজেন তরফদার, সন্দীপ রায় প্রমুখ পরিচালকদের সঙ্গে।

## প্রয়াত লতা মঙ্গেশকর



**৬ ফেব্রুয়ারি:** বলিউডের সুরসম্রাজ্ঞী লতা মঙ্গেশকর (৯২) প্রয়াত হলেন। কোভিড সংক্রমণ সামলে উঠলেও নিউমোনিয়ার আক্রমণে মুম্বইয়ে ব্রিচ ক্যান্ডি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন কোকিল কণ্ঠী। মাত্র ১২ বছর বয়সে ১৯৪১ সালে রেডিয়োতে প্রথম গান রেকর্ড করেছিলেন লতা। ১৯৪৯ সালে মহল ছবির 'আয়েগা আনেওয়ালা' গানটি সুপারহিট হয়। এরপর থেকে বলিউডের সংগীতজগতে লতারই একাধিপত্য। পদ্মভূষণ, পদ্মবিভূষণ, দাদা সাহেব ফালকে, একাধিক ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ড ও অসংখ্য দেশি-বিদেশি সম্মান লাভের পর ২০০১ সালে দেশের সর্বোচ্চ সম্মান ভারতরত্ন লাভ করেন তিনি।

## এশিয়াডে সোনাজয়ী মহাভারতের ভীম প্রয়াত



**৮ ফেব্রুয়ারি:** এশিয়াডে সোনাজয়ী দেশের অন্যতম সফল ডিসকাস ও হ্যামার থ্রোয়ার এবং বি আর চোপড়ার মহাভারত টিভি সিরিয়ালের 'ভীম' প্রবীন কুমার সবতি (৭৪) প্রয়াত হলেন। এশিয়ান গেমসে তিনি দেশকে দিয়েছেন দুটি সোনা, একটি রুপো ও একটি ব্রোঞ্জ (১৯৬৬, ৭০ ও ৭৪ সালে)। কমনওয়েলথ গেমসেও রয়েছে তাঁর রুপো। দেশের হয়ে দুবার অলিম্পিক্সেও অংশ নিয়েছেন। পেয়েছেন অর্জুন পুরস্কার। খেলা ছাড়ার পরে অভিনয়েও সাফল্য পান। মহাভারত সিরিয়াল ছাড়াও বিভিন্ন ভাষায় পঞ্চাশের কাছাকাছি সিনেমায় অভিনয় করেছেন।

## অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ জিতল ভারত



**৫ ফেব্রুয়ারি:** অ্যান্টিগায় অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপ জিতল ভারত। ইংল্যান্ডকে হারিয়ে ৪ উইকেটে জিতল তারা। প্রথমে ব্যাট করে ইংল্যান্ড ৪৪.৫ ওভারে ১৮৯ রান তোলে। ৪৭.৪ ওভারে ৬ উইকেট হারিয়ে ভারত ১৯৫ রান তুলে ফেলে। ব্যাট-বলে সবচেয়ে সফল রাজ বাওয়া। ৩৫ রান করার পাশাপাশি ৫ উইকেট নেন তিনি।

# টাটা মেমোরিয়ালে চাকরি

*প্রথম পাতার পর*

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** শূন্যপদ ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সঙ্গে মাইক্রোসফট অফিস বিষয়ে অন্তত ৩ মাসের কম্পিউটার কোর্স করে থাকতে হবে। কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজিতে ডিগ্রি বা ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ৩ মাসের কোর্স না করে থাকলেও চলবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'বি' (নিউক্লিয়ার মেডিসিন):** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি। সেই সঙ্গে মেডিক্যাল রেডিওলজি ইমেজিং টেকনোলজিতে ডিপ্লোমা বা ফিউশন ইমেজিং টেকনোলজিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। পাশাপাশি, রেডিওলজিক্যাল সেফটি অফিসার (আর এস ও) পরীক্ষায় পাশ করে থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। নিউক্লিয়ার মেডিসিনে এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার:** শূন্যপদ ৬টি (সাধারণ ৪, ও বি সি ২)। শিক্ষাগত **যোগ্যতা:** স্নাতক। এন সি সি 'সি' সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে কোনও বড় সংস্থা বা হোটেল বা হাসপাতাল বা এয়ারপোর্টে সিকিউরিটি অফিসার বা সিকিউরিটি সুপারভাইজর বা সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীরাও আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে সশস্ত্র সেনাবাহিনী, প্যারা মিলিটারি ফোর্স বা পুলিশ ফোর্সে অন্তত এক্স হাবিলদার বা সমতুল র‍্যাঙ্কে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মনে রাখবেন, গত তিন বছরের মধ্যে যাঁরা সশস্ত্র বাহিনী থেকে ডিসচার্জ হয়েছেন বা অবসর নিয়েছেন, তাঁরাই আবেদনের যোগ্য। লাইট মোটর ভেহিক্যাল এবং দু'চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৬৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি)।

৮-৩-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://actrec.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৮ মার্চ।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# খড়্গপুর আই আই টিতে চাকরি

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ৪০ জনকে নেবে খড়্গপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/05/2022.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ:** সাধারণ ২৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে এম এস ওয়ার্ড ও এক্সেল-সহ কম্পিউটারের ব্যবহার জানতে হবে। কম্পিউটারে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৬-৩-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.iitkgp.ac.in দরখাস্তের শেষ তারিখ ১৬ মার্চ। দরখাস্তের সময় শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা (থাকলে)-সংক্রান্ত যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট কার্ড বা রুপে ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩২২২-২৮১০১৭/১৮/১৯।

# ব্যাঙ্ক নোট প্রেসে জুনিয়র টেকনিশিয়ান

জুনিয়র টেকনিশিয়ান পদে ৭৯ জনকে নেবে মধ্যপ্রদেশের দেওয়াসের ব্যাঙ্ক নোট প্রেস। এটি সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BNP/HR/Rectt./03/2022.

**শূন্যপদের বিবরণ:** জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: ডাইস্টাফ টেকনোলজি বা পেইন্ট টেকনোলজি বা সারফেস কোটিং টেকনোলজি বা প্রিন্টিং ইঙ্ক টেকনোলজি বা প্রিন্টিং টেকনোলজিতে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে এক বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: লিথো অফসেট মেশিন মাইন্ডার, লেটার প্রেস মেশিন মাইন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেট মেকিং, ইলেক্ট্রোপ্লেটিং, প্লেট মেকার-কাম-ইম্পোজিটর, হ্যান্ড কম্পোজিং— যে-কোনও একটি ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে এক বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

বয়স: ২৮-৩-২০২২ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://bnpdewas.spmcil.com দরখাস্তের শেষ তারিখ ২৮ মার্চ।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিখরচায় প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

*প্রথম পাতার পর*

বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে।

## কোথায় প্রশিক্ষণ

বেকার যুবকদের স্বনির্ভর করার লক্ষ্যে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে নিখরচায় কৃষিকাজ ও প্রাণীপালন সংক্রান্ত কোর্স করানো হবে। এটি একটি আবাসিক কোর্স। কোর্সের মেয়াদ ১০ মাস। রামকৃষ্ণ মিশন, নাবার্ড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে পরীক্ষায় সফল প্রার্থীদের হাতে তুলে দেওয়া হবে সার্টিফিকেট। উপযুক্ত প্রার্থীরা ব্যাঙ্ক থেকে ঋণ পেতে সহায়তা পাবেন।

## কী শিখবেন

শেখানো হবে প্রাণিপালন ও প্রাথমিক চিকিৎসা, হাঁস-মুরগি ও ছাগল পালন, মৎস্যচাষ ও কৃত্রিম প্রজনন, উদ্যান বিদ্যা (হর্টিকালচার নার্সারি ম্যানেজমেন্ট), কৃষির যন্ত্রপাতি মেরামত, মাশরুম চাষ, মৌমাছি পালন, খাদ্য প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ (জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার, কাসুন্দি, সস ইত্যাদি তৈরি), সমাজবিদ্যা, কৃষি ও সংশ্লিষ্ট বিষয় (বীজ উৎপাদন, মাটি পরীক্ষা, কেঁচো সার তৈরি ইত্যাদি), রঙিন মাছ চাষ, বিদেশি পাখিপালন ইত্যাদি।

রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরের শিক্ষক সুখেন্দু শেখর অধিকারী 'কর্মক্ষেত্র'কে জানালেন, ১০ মাস মেয়াদের কোর্সে ছাত্রদের এক মাস হরিণঘাটায় রেখে গরু, ছাগল, মুরগি, শূকর ইত্যাদি প্রাণীর রক্ষণাবেক্ষণের পদ্ধতি শেখানো হয়। তাদের রোগ নির্ধারণ করে প্রাথমিক চিকিৎসার পদ্ধতিও শেখানো হয়। রহড়ায় শেখানো হয় মৎস্যচাষ, নরেন্দ্রপুরে উদ্যানবিদ্যা ও জৈব চাষ। প্রতিটি জায়গাতেই মিশন ছাত্রদের জন্য সম্পূর্ণ নিখরচায় থাকা ও চার বেলার খাওয়ার ব্যবস্থা করে। প্রশিক্ষিত ছাত্রদের বিভিন্ন গ্রামে নিয়ে যাওয়া হয়। দেখা হয় তাঁরা কৃষকদের সমস্যা বুঝে সমাধান করতে, প্রাণীদের রক্ষণাবেক্ষণের ব্যাপারে গ্রামবাসীদের পরামর্শ দিতে, রোগ বুঝে প্রাথমিক চিকিৎসা করতে পারছেন কিনা।

## কারা শিখবেন

মাধ্যমিক পাশ হলে আবেদন করতে পারবেন। কেবল যুবকরা আবেদন করবেন। ১-৪-২০২২ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। গ্রামীণ দরিদ্র পরিবার, দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবার এবং কৃষক পরিবারের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

## কীভাবে ভর্তি

১ মার্চ থেকে ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে প্রতিষ্ঠানের অফিসে, এই ঠিকানায়: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, পোস্ট-বেলুড় মঠ, হাওড়া ৭১১২০২। এছাড়াও আবেদনপত্র ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://www.rkmsssm.org/redp/ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল। কোর্স শুরু হবে ১৫ মে।

বিশদ জানতে ফোন করতে পারেন রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে, এই ফোন নম্বরে: (০৩৩) ২৬৫৪-৮৯০৮/০৯ (সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)। দেখতে পারেন সংস্থার এই ওয়েবসাইট: https://www.rkmsssm.org

## সফল শিক্ষার্থীদের কথা

- পূর্ব বর্ধমানের রঞ্জিত বর্মণ ২০১১-১২ সালে বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে রুরাল এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্টের প্রশিক্ষণ নেন। ১০ মাসের এই প্রশিক্ষণ নেওয়ার আগে তিনি বেকার ছিলেন। প্রশিক্ষণ নেওয়ার সময় উদ্যানবিদ্যা ও ফ্লোরিকালচারের প্রতি তাঁর আগ্রহ তৈরি হয়। গত দু'বছর ধরে তিনি কোচবিহারে বিভিন্ন প্রজাতির জারবেরা ফুলের চাষ করছেন। ফুল চাষের পাশাপাশি তিনি ধান, সবজি, মাছ চাষের সঙ্গেও যুক্ত। বর্তমানে তাঁর মাসিক আয় ৩০ হাজার টাকার বেশি। কৃষিকাজে আধুনিক প্রযুক্তির উপযুক্ত প্রয়োগের জন্য ২০১৯ সালে তিনি পশ্চিমবঙ্গ সরকারের কৃষক সম্মানে সম্মানিত হয়েছেন।
- নদিয়ার শিকারপুরের প্রজ্ঞানময় দাস বৈরাগ্য বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে রুরাল এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্টের প্রশিক্ষণ নেওয়ার পর ১০ হাজার টাকা পুঁজি নিয়ে শুরু করেন ভার্মি কম্পোস্টের ব্যবসা। বর্তমানে তাঁর মাসিক আয় ৩০ থেকে ৪০ হাজার টাকা। তাঁর অধীনে এখন কাজ করেন ১০ জন।
- পূর্ব বর্ধমানের বাসিন্দা গৌতম পোরেল ২০১৯-২০ সালে জামালপুরের স্বামী বিবেকানন্দ সেবাশ্রম থেকে মাশরুম চাষের প্রশিক্ষণ নিয়েছিলেন। প্রশিক্ষণ নেওয়ার আগে অন্যান্য কাজের সঙ্গে অল্পবিস্তর মাশরুম চাষ করে তিনি উপার্জন করতেন প্রতি মাসে ৮ হাজার টাকা। ২০ দিনের প্রশিক্ষণে তিনি শেখেন আধুনিক পদ্ধতিতে মাশরুম চাষের পদ্ধতি। প্রশিক্ষণের পর তিনি মাশরুম চাষ করে এক-এক বারে প্রায় ২০ কেজি পর্যন্ত মাশরুম ফলান। তাঁর মাসিক আয় ৮ হাজার থেকে ১৮ হাজার টাকায় পৌঁছেছে। মাশরুম চাষের জন্য তিনি মোট ৭০ হাজার টাকা লগ্নি করেছেন। এর মধ্যে ৫০ হাজার টাকা ব্যাঙ্ক থেকে ঋণ পেয়েছেন।
- হাওড়ার সঞ্জীব সামন্ত ১৯৮৮-৮৯ সালে বেলুড় রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির থেকে প্রশিক্ষণ নিয়েছিলেন। তারপরে তিনি শুরু করেন চানাচুরের ব্যবসা। প্রথম থেকেই তিনি ব্র্যান্ড নাম ব্যবহার করেন, পরমানন্দ চানাচুর। শুরুতে তাঁর মাসে আয় হত ৪-৫ হাজার টাকা। তখন তাঁর অধীনে কাজ করতেন ৩ জন। ব্যবসা ক্রমশ বাড়ে। ২০০২-০৩ সালে ৮ জন কর্মী নিয়োগ করতে হয়। কেনেন ১ কাঠা জমিও। এখন তাঁর বার্ষিক ২ কোটি টাকার ব্যবসায় লাভ থাকে ১৫ লক্ষ টাকার বেশি। বর্তমানে তাঁর সংস্থায় কর্মীর সংখ্যা ১৯। চানাচুরের ব্যবসার পাশাপাশি তিনি ২৩ লক্ষ টাকা লগ্নি করেছেন তাঁর সদ্য শুরু হওয়া বেকারি প্রকল্পে।





**Recruitment of EET-2021 in the disciplines of IT and Mining through GATE-2021**

NTPC Limited is India's largest power conglomerate with an installed capacity of 67,907 MW. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

To fuel its ambitious growth plan, NTPC is looking for promising, energetic, and dedicated young **Graduate Engineers** with brilliant academic record in engineering disciplines of **Computer Science/Information Technology** and **Mining** as **Engineering Executive Trainees-2021** in the pay scale of Rs. 40,000/- to Rs. 1,40,000/- (E1 Grade).

**No. of Posts: 40 (IT-15, Mining-25)**

**Qualification:** Full time Bachelor's Degree in Engineering or Technology/AMIE with not less than 65% marks (55% for SC/ST/PwBD candidates), as per respective Institute/University norms. A candidate with the prescribed degree identified for the disciplines as given below can only apply for the post of EET in the respective discipline:

| Discipline advertised | Prescribed full time degrees in Engineering |
|---|---|
| Information Technology | Computer Science / Information Technology |
| Mining | Mining |

Eligible candidate must have appeared for Graduate Aptitude Test in Engineering **(GATE)-2021**. Candidates will be selected based on **GATE-2021** performance.

**Age Limit:** Upper Age limit is 27 years as on last date of online application.

**How to Apply:**

Eligible Candidates need to apply online for the post of EET-2021 for CS/IT and Mining discipline with their GATE-2021 registration number by visiting **careers.ntpc.co.in** or **careers** section at **www.ntpc.co.in**. Candidates are requested to go through the full text of the advertisement available on our website for detailed eligibility criteria, reservation & relaxations, selection process, placement, and other details before applying.

Advt No. 5/22

The online application portal for receiving online applications will remain open for the period from 24.02.2022 to 10.03.2022.

**NTPC Limited** (A Govt. of India Enterprise) Leading the Power Sector


**Regd. Off:** NTPC Bhawan, Core-7, SCOPE Complex, 7,Institutional Area, Lodhi Road, New Delhi-110 003
Website: www.ntpc.co.in CIN: L40101DL1975GOI007966

@ntpclimited | @ntpc1 | /ntpcltd1 | /ntpclimited | /company/ntpc | @ntpc_limited

**Bharati Vidyapeeth**

(Deemed to be University) Pune, India

Founder Chancellor : **Dr. Patangrao Kadam**




PROGRAMS

BBA | BCA | MBA | MCA

B.Tech Engineering | M.Tech Engineering

BBA LLB | BA LLB | LLB (3 Years) | LL.M

Excellent placements | Qualified and experienced faculty | Industry relevant and skill based curriculum | Global collaboration

**Various UG/PG programs offered in the faculty of:**

Ayurved | Homoeopathy | Pharmacy | Medical | Dental | Nursing | Physiotherapy

Hotel Management | Architecture | Optometry | Photography | Music & dance.

APPLY NOW

www.bvuniversity.edu.in | 020-24407131 /132 /133 /163

Campuses at: New Delhi | Pune | Navi Mumbai | Kolhapur | Sangli | Karad | Solapur

Scan QR code to Apply

## চান্দা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে

# অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৩৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মহারাষ্ট্রের চান্দা অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ মিউনিশনস ইন্ডিয়ার একটি ইউনিট। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ (১৯৭৩ সালে সংশোধিত) অনুসারে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল ট্রেডে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** মোট আসনসংখ্যা: ৬টি। ক্যাটেগরি অনুসারে আসনবিন্যাস: সাধারণ ৪, ও বি সি ২। ট্রেড অনুসারে আসনবিন্যাস: মেকানিক্যাল ৪, ইলেক্ট্রিক্যাল ১, সিভিল ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৪ বছরের বি ই বা বি টেক। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** মোট আসনসংখ্যা: ৩০টি। ক্যাটেগরি অনুসারে আসনবিন্যাস: সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮। ট্রেড অনুসারে আসনবিন্যাস: মেকানিক্যাল ২৬, ইলেক্ট্রিক্যাল ২, সিভিল ২। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

**বয়স:** উভয় ক্ষেত্রেই অন্তত ১৪ বছরের হতে হবে। কোনও উর্ধ্বসীমা নেই।

এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে, ৩ বছর আগে ডিগ্রি বা ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের (থাকলে) স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩১ মার্চের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The General Manager, Ordnance Factory, Chanda, Chandrapur (Maharashtra)-442 501.

*দরখাস্তের বয়ান*

**APPLICATION FOR THE GRADUATE/TECHNICIAN APPRENTICE AT ORDNANCE FACTORY CHANDA-442 501 (M.S)**

To
The General Manager,
Ordnace Factory Chanda
Chandrapur (Maharashtra)-442501

[Affix your recent Passport Size Photograph]

RATE OF STIPEND - GA: RS. 9,000 PM, TA: RS. 8,000 PM

1. Applied for the post (Tick one box): [Graduate Apprentice] [Technician Apprentice]
2. Full Name in Block Letter (As written in SSC Certificate):
3. Father's/Husband's Name in Block Letter:
4. Complete Postal Address for correspondence with Pin Code: ..............................
5. E-mail & Contact No.: ..............................
6. Male/Female (Pur tick mark in appropriate Box: [Male] [Female]
7. Marital Status: [Married] [Unmarried]
8. Date of Birth (as per the SSC Certificate):
9. Nationality:
10. Please tick in the relevant Box: SC [ ] ST [ ] OBC [ ] UR [ ]
11. Educational Qualification's (Put a tick mark in appropriate Box. Also choose one of the 3 options A, B, C in each Box)

| DEGREE | DIPLOMA |
|---|---|
| A) Mech | A Mech |
| B) Elect | B) Elect |
| C) Civil | C) Civil |

12. Details of the Examination (Degree / Diploma) Passed:

| Sl. No. | Period From | Period To | Exam Passed | Name of Institute | Full Marks | Marks Obtained | % of Marks |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

13. Date of declaration of the Degree / Diploma Exam.

D D M M Y Y Y Y

14. University/ Council who has conferred the Degree/Diploma on You :
15. Experience, if any (After Passing Essestial Qualification in the relevant Field:

Details of Apprenticeship training under the Apprentices Act-1961

16. Whether you work experience is of one year or more after Degree /Diploma (Put tick mark in appropriate Box): [Yes] [No]
17. Period of work Experience: Year [ ] Month [ ]
18. Whether presently employed in

| A | B | C | D | E | F | G |
|---|---|---|---|---|---|---|
| Ordanance Factory | Under M of D | Other Central Govt | State Govt. | PSU | Non Govt. Orgn. | NA |

(Pur tick mark in appropriate Box alo attached copy of relevant Certificate as proof)

6 If your answer in respect of serial No. 18 above is either A, B, C, D or E, Please confirm that you have routed your application through proper channel. (Put tick mark in appropriate Box) [Yes] [No]

List out the attached copies of testimonial / Certificates you have attached along with the application. Please note that one photo (Self signed on front side should be affixed

a) ____________
b) ____________
c) ____________

**DELCARATION**

a) I hereby solemnly delcare that all the statrement made in this applicatino are true and correct to the best of my knowledge and belief.
b) I have never been debarred from appearing at the examination nor have I ever been arrested / prosecuted and convicted by a criminal court or involved in any other case registered by the Police.
c) I fully understand that in the event of any information being found false / incorrect or ineligibility being detected at any stage before or after the Selection / Joining as Apprentice my candidature will stand automatically cancelled without prejudice to any action that may be taken against me as per rule of the Organization and laws of the lands.

**Place:**
**Date:**

**Signature of the Candidate**

# রাজ্যে কয়েকশো অফিসার

*প্রথম পাতার পর*

ক্ষেত্রে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে। 'বি' গ্রুপের ক্ষেত্রে বয়স হতে হবে ২০ থেকে ৩৬ বছরের মধ্যে। 'ডি' গ্রুপের প্রার্থীদের বয়স হতে হবে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে।

বয়সে পশ্চিমবঙ্গের তালিকাভুক্ত তফসিলিরা ৫ এবং বি সি প্রার্থীরা ৩ বছরের ছাড় পান। দৈহিক প্রতিবন্ধীরা অন্তত ৪০ শতাংশ প্রতিবন্ধকতা থাকলে এবং ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। অন্যান্য রাজ্যের সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের সাধারণ প্রার্থী হিসেবে গণ্য করা হয়। বয়সের প্রমাণপত্র হিসেবে কেবলমাত্র মাধ্যমিক বা সমতুল পরীক্ষার সার্টিফিকেটকেই গণ্য করা হয়।

## কোন গ্রুপে কোন চাকরি

**'এ' গ্রুপ:** নিয়োগ হয় এই সব সার্ভিসে: ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার [টেকনিক্যাল] বাদে)।

**'বি' গ্রুপ:** ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস।

**'সি' গ্রুপ:** সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস (গ্রেড-ওয়ান), অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিস্পিউটস রিড্রেসাল কমিশন), অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস।

**'ডি' গ্রুপ:** ইনস্পেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট।

**প্রার্থী বাছাই:** ডব্লু বি সি এস পরীক্ষা মোট তিনটি পর্বে হয়। প্রথম পর্বে আছে অবজেক্টিভ টাইপ প্রিলিমিনারি পরীক্ষা। মনে রাখবেন প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে লিখিত মেন পরীক্ষায় বসার ছাড়পত্র মেলে। মেন পরীক্ষায় সফল হলে নেওয়া হয় তৃতীয় পর্যায়ের পার্সোন্যালিটি টেস্ট। মেন এবং পার্সোন্যালিটি টেস্টে সফলতার ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়।

**কিছু শর্ত:** ডব্লু বি সি এস পরীক্ষায় কতগুলি গ্রুপে আবেদন করতে হলে অতিরিক্ত যোগ্যতার প্রয়োজন: (ক) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস গ্রুপ 'বি': আবেদনের জন্য নির্দিষ্ট শারীরিক মাপজোক চাই। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১.৬৫ মিটার, মহিলাদের ক্ষেত্রে অন্তত ১.৫০ মিটার। গোর্খা প্রার্থীরা উচ্চতায় নিয়মানুসারে ছাড় পাবেন। (খ) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (গ্রুপ 'সি'): একেবারে প্রান্তিক অঞ্চলে গ্রামেগঞ্জে ঘুরে সাধারণ মানুষের সঙ্গে মিলেমিশে কাজ করার মানসিকতা থাকতে হবে। (গ) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস (গ্রুপ 'সি'): অন্ধ, মূক ও বধির প্রতিবন্ধীদের হোমে যেহেতু কাজ করতে হবে, তাই তাঁদের প্রশিক্ষণ দেওয়ার উপযুক্ত ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকতে হবে। যদি তা না থাকে তাহলে চাকরি পাওয়ার পর এই প্রশিক্ষণ নিতে হবে। (ঘ) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড ওয়ান (গ্রুপ 'সি'): বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। নেপালিভাষীদের ক্ষেত্রে এই শর্তে ছাড় আছে। তবে চাকরি পাওয়ার ২ বছরের মধ্যে বাংলায় একটি বিভাগীয় পরীক্ষায় সফল হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbpsc.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ মার্চ থেকে ২৪ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালির সই আপলোড করতে হবে।

দরখাস্ত করার আগে প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। তবে কোনও প্রার্থী যদি আগে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত কোনও চাকরির পরীক্ষার দরখাস্তের ক্ষেত্রে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করে থাকেন, তাঁকে আর দ্বিতীয়বার এই প্রক্রিয়ার সাহায্য নিতে হবে না। আগেকার রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ডের মাধ্যমেই অনলাইন দরখাস্ত করা যাবে।

অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যায়। অনলাইনে ফি দেওয়া যায় ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৪ মার্চ। অফলাইনে ফি জমা দিতে হয় চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৫ মার্চ। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হয় না। আবেদন সংশোধন করা যাবে ১ এপ্রিল থেকে ৭ এপ্রিল পর্যন্ত।

## পরীক্ষার ধরনধারণ

**প্রিলিমিনারি পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় একটিই পেপারের উত্তর দিতে হবে। থাকবে 'জেনারেল স্টাডিজ' বিষয়ে ২০০টি মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হবে এই সব বিষয়ে: (১) ইংলিশ কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ঘটনাবলি (কারেন্ট ইভেন্টস), (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে), (৬) ভারতের অর্থনীতি ও রাজনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন ও (৮) সাধারণ মানসিক দক্ষতা। স্নাতক মানের প্রশ্ন আসবে। প্রত্যেক বিষয়ে নম্বর ২৫। মোট নম্বর ২০০। সময় আড়াই ঘণ্টা।

**মেন পরীক্ষা:** মেন পরীক্ষায় থাকে ৬টি কম্পালসারি পেপার এবং ১টি অপশনাল সাবজেক্ট (শুধুমাত্র গ্রুপ 'এ' এবং গ্রুপ 'বি'-র প্রার্থীদের ক্ষেত্রে)। অপশনাল সাবজেক্টে থাকে ২টি পেপার। প্রতিটি কম্পালসারি এবং অপশনাল সাবজেক্টের পেপারের পূর্ণমান ২০০। সময় ৩ ঘণ্টা করে।

**কম্পালসারি পেপার:** ৬টি কম্পালসারি পেপারের মধ্যে পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। এছাড়া অন্য চারটি কম্পালসারি পেপারের ক্ষেত্রে ও এম আর শিটে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর করতে হবে।

**পেপার-ওয়ানে** নেওয়া হবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকে লেটার রাইটিং বা ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ইংরেজি থেকে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি ভাষায় ট্রানস্লেশন। **পেপার-টু**-তে আছে ইংরেজিতে লেটার রাইটিং/ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। **পেপার-থ্রি**-তে আছে জেনারেল স্টাডিজ-ওয়ান: (১) ইন্ডিয়ান হিস্ট্রি উইথ স্পেশ্যাল এমফ্যাসিস অন ন্যাশনাল মুভমেন্ট, (২) জিওগ্রাফি অব ইন্ডিয়া (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে)। **পেপার-ফোর**-এ আছে জেনারেল স্টাডিজ-টু: (২) সায়েন্স অ্যান্ড সায়েন্টিফিক অ্যান্ড টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ এবং কারেন্ট অ্যাফেয়ার্স। **পেপার-ফাইভ**-এ আছে দ্য কনস্টিটিউশন অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ইকোনমি ইনক্লুডিং রোল অ্যান্ড ফাংশানস অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। **পেপার সিক্স**-এ আছে অ্যারিথমেটিক এবং রিজনিংয়ের প্রশ্ন।

মনে রাখতে হবে 'এ' ও 'বি' গ্রুপের প্রার্থীরা ৬টি কম্পালসারি পেপার এবং একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারের পরীক্ষা দেবেন। 'সি' ও 'ডি' গ্রুপের প্রার্থীরা শুধুমাত্র ৬টি কম্পালসারি পেপারের পরীক্ষা দেবেন।

ভাষার পেপার ছাড়া বাকি সমস্ত কম্পালসারি এবং অপশনাল বিষয়ের উত্তর বাংলা বা ইংরেজিতে লেখা যাবে। সংস্কৃত বিষয়ের উত্তর দেবনাগরী বা বাংলা হরফে লেখা যাবে। সাঁওতালি বিষয়ের উত্তর লিখতে হবে অলচিকি লিপিতে। তবে একই পেপারে একাধিক ভাষায় উত্তর লেখা যাবে না। মাল্টিপল চয়েস প্রশ্নের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে।

**পার্সোন্যালিটি টেস্ট:** মেন লিখিত পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী চারটি গ্রুপেরই নির্বাচিত কিছু প্রার্থীকে ডাকা হয় পার্সোন্যালিটি টেস্টে। গ্রুপ 'এ' ও 'বি'-এর ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্টে থাকবে ২০০ নম্বর, গ্রুপ 'সি'-এর ক্ষেত্রে ১৫০ নম্বর এবং গ্রুপ 'ডি'-র ক্ষেত্রে ১০০ নম্বর।

**কোন গ্রুপে কত নম্বরের পরীক্ষা:** গ্রুপ অনুযায়ী মেন লিখিত পরীক্ষার নম্বরের বিন্যাস এরকম: গ্রুপ 'এ' এবং 'বি'-এর জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬), একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারে ৪০০ (২০০×২) এবং পার্সোন্যালিটি টেস্টে ২০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৮০০ (১,৬০০+২০০)।

গ্রুপ 'সি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১৫০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩৫০ (১,২০০+১৫০)।

গ্রুপ 'ডি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩০০ (১,২০০+১০০)।

এই পরীক্ষার বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে ৩ মার্চ। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই নিয়োগের খবর আগে জানানো হল। আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://wbpsc.gov.in





NTPC Limited is India's largest integrated energy company with installed capacity of 67,907 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

NTPC is looking for **GDMO/ Medical Specialist** for its Hospitals at Projects/ Stations as per details given below:

| Name of Post | No. of Post | Required Qualification | Required Experience |
|---|---|---|---|
| GDMO | 60 | MBBS | Min. 2 years experience/practice after MBBS (Internship training shall not be counted as experience) |
| Paediatrician | 09 | MD/MS/ DNB or MBBS with PG Diploma in relevant Specialty | For E4 Grade: Minimum 1 year experience/practice after MD/ MS/DNB in relevant specialty; For E3 Grade: Fresh MD/MS/ DNB or 2 years experience/ practice after MBBS plus PG Diploma in relevant specialty |
| Orthopaedics | 05 | | |
| Ophthalmologist | 02 | | |
| Radiologist | 08 | | |
| O&G | 03 | | |
| Pathologist | 08 | | |
| ENT | 02 | | |

**Level/Pay Scale of recruitment:** For GDMO: E2 grade/(Rs. 50,000-1,60,000) **For Medical Specialist:** E4 grade/(Rs. 70,000-2,00,000) & E3 grade/(Rs. 60,000-1,80,000).The other benefits such as Dearness Allowance, other perquisites and allowances, terminal benefits, etc. will be admissible as per company rules.

**Note:** Qualification & Experience requirement may be referred from detailed advertisement available on our website. Candidates recruited in E3 grade with MD/MS/DNB qualification will be placed in E4 grade after 1 year of experience.

**How to apply:** Interested eligible candidates should log on to our website **careers.ntpc.co.in** or visit careers section at **www.ntpc.co.in** for viewing detailed eligibility criteria, required qualification, experience requirement, full text of the advertisement and for applying. **Only online mode of application will be accepted.**

The online application portal for receiving online applications will remain open for the period from **25.02.2022 to 16.03.2022**

NTPC Limited (A Government of India Enterprise)
NTPC Bhawan, SCOPE Complex, 7, Institutional Area, Lodhi Road, New Delhi-110003
(CIN: L40101DL1975GOI007966)
Visit us at: www.ntpc.co.in

Follow us at: /ntpc1 /ntpcltd1 /ntpclimited /company/ntpc /ntpclimited /ntpc_limited

Advt. No.- 06/22

Leading the Power Sector




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক**: অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক**: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in